# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোন-৯৫৫০৪০৩, ই-মেইল dgmlad1@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩) প্রক্রেবি-৩(৩৮)/২০১৯-২০২০/ ১১৬৭(১২৫০) তারিখঃ ১৮.০৫.২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ** বিআরপিডি সার্কুলার নং ০৮/২০২০ এর আওতায় শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে গঠিত ১৫,০০০ (পনেরো হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম (বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং ০৮/২০২০, তারিখ ১২ এপ্রিল ২০২০) এর আওতায় ঋন বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বিশ্বের বিভিন্ন দেশের ন্যায় বাংলাদেশে নভেল করোনা ভাইরাস-এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-০৮, তারিখঃ ১২/০৪/২০২০ এর প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ক্রেডিট বিভাগের বিগত ২৯/০৪/২০২০ তারিখে সার্কুলার লেটার নং-১১২৪(১২৫০) জারী করা হয়েছে। উক্ত সার্কুলার লেটারের ধারাবাহিকতায় পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ হতে ০৩/০৫/২০২০ তারিখে ৩৫৭১ নং পত্র মূলে অত্র ব্যাংকের শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদেয় ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা ৭৩.০০ (তিয়াত্তর) কোটি টাকা বরাদ্দ করা হয়েছে (কপি সংযুক্ত)। বরাদ্দকৃত ৭৩.০০ কোটি টাকা বিভাগওয়ারী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হলো ঃ

(কোটি টাকায়)

| ক্রঃনং | বিভাগের নাম | ৩১/১২/২০১৯ ভিত্তিক কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প খাতে অনাদায়ী স্থিতি | কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প খাতে ঋন বিতরণের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|
| ০১. | ঢাকা | ৮৭.০২ | ১২.০০ |
| ০২. | ময়মনসিংহ | ১৮.০৮ | ২.০০ |
| ০৩. | চট্টগ্রাম | ১৩২.৭৪ | ১৮.০০ |
| ০৪. | খুলনা | ৮৯.৯২ | ১২.০০ |
| ০৫. | বরিশাল | ৩.৯৯ | ০.৫০ |
| ০৬. | সিলেট | ২৫.০০ | ৩.০০ |
| ০৭. | কুমিল্লা | ১৫.৪০ | ২.০০ |
| ০৮. | ফরিদপুর | ২.৫০ | ০.০০ |
| ০৯. | কুষ্টিয়া | ৩৮.০০ | ৫.০০ |
| ১০. | এলপিও | ১৩২.৭৪ | ১৮.৫০ |
| | মোট ঃ | ৫৪৫.৩৯ | ৭৩.০০ |

০২। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার পারফরমেন্স , বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে উক্ত কার্যালয় সমূহের মধ্যে বন্টন করবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগন শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। বন্টনকৃত লক্ষ্যমাত্রা একীভূত করে বিভাগীয় কার্যালয় সমূহ আগামী ২০/০৫/২০২০ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করবে।

চলমান পাতা-০২

০৩। এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার নং-০৮, তারিখঃ ১২/০৪/২০২০ এবং বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ক্রেডিট বিভাগের পত্র নং-১১২৪(১২৫০) তারিখ ২৯/০৪/২০২০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরন পূর্বক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাবলী সাপ্তাহিক ভিত্তিতে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ শুরু থেকেই উক্ত ঋন বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

২৮/০৫/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩) প্রক্রেবি-৩(৩৮)/২০১৯-২০২০/ ১১৮৯(১২৫০) তারিখঃ ১৮.০৫.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১৮/০৫/২০২০

( মোঃ এনামুল হোসেন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

৫০১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
নীতি শাখা-১

সূত্রঃ বিআরপিডি(পি-১)/৬৬১/(১৩)/২০২০-৩৫৭১

তারিখঃ ০৩ মে ২০২০

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

**বিআরপিডি সার্কুলার নং ০৮/২০২০ এর আওতায় শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে সীমা নির্ধারণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের ২(ক) নং ক্রমিকে ব্যাংকিং সেক্টর কর্তৃক শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ স্থিতির মধ্যে স্ব স্ব ব্যাংকের অবদান এবং সম্ভাব্য ঋণ/বিনিয়োগ চাহিদার বিষয়টি বিবেচনায় নিয়ে প্রতিটি ব্যাংক এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগের নিজস্ব চাহিদা নির্ধারণ করবে, যা এ প্যাকেজের আওতায় সংশ্লিষ্ট ব্যাংকের ঋণ/বিনিয়োগের প্রাথমিক সীমা হিসেবে বিবেচিত হবে মর্মে উল্লেখ রয়েছে।

৩। এক্ষণে, শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ব্যাংকসমূহ কর্তৃক প্রদত্ত ঋণ/বিনিয়োগের ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ স্থিতির ভিত্তিতে এ প্যাকেজের আওতায় প্রতিটি তফসিলি ব্যাংকের ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আলোচ্য প্যাকেজের আওতায় আপনাদের ব্যাংকের শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদেয় ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা ৭৩ কোটি টাকা নির্ধারিত হয়েছে।

৪। উপরোল্লিখিত বরাদ্দকৃত/নির্ধারিত সীমা অনুযায়ী সময়মত ঋণ/বিনিয়োগ প্রদানে ব্যর্থ হলে বা ভবিষ্যতে ঋণ/বিনিয়োগের চাহিদা কম/বেশি হলে প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক উক্ত সীমা হ্রাস/বৃদ্ধি করতে পারবে। তবে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত/পুনর্নির্ধারিত সীমার অতিরিক্ত কোন ঋণ/বিনিয়োগ সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বিতরণ করা হলে তার বিপরীতে এ প্যাকেজের আওতায় সুদ-ভর্তুকী সুবিধা প্রাপ্য হবে না।

৫। এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক উপরোল্লিখিত সীমার আওতায় ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ সালাউদ্দিন তপাদার)
যুগ্ম-পরিচালক
ফোন ঃ ৯৫৩০০০০/২০৩৩৪

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪৯২৭ ... ৫/৫/২০২০
ব্যবস্থাপনা পরিচালক

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং ১১১০ তারিখ ৭-৫-২০২০
বিভাগ DGM. Credit Dept.
ডিএমডি-১ ০৭/০৫/২০২০